



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ  
নন্দনকানন, চট্টগ্রাম-৪০০০  
www.dpe.chittagongdiv.gov.bd



স্মারক নম্বরঃ ৩৮.০১.২০০০.০০০.০৮.০০৯.২৩-৬৪২

তারিখঃ ০৪/০৪/২০২৪ খ্রিঃ

অফিস আদেশ

অত্র বিভাগের লক্ষ্মীপুর জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষককে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালা ৩ এর (১) এর (iii) বিধি মোতাবেক অর্ধগড় বেতনে অর্জিত ছুটিসহ নিম্নবর্ণিত শর্তে নিজ খরচে শিক্ষকের নামের পাশে উল্লেখিত দেশে বর্ণিত সময়ের জন্য বহিঃ বাংলাদেশ গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্রমিক নং	নাম, পদবী ও কর্মস্থল	মঞ্জুরীকৃত ছুটির সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য ও গন্তব্যস্থল
০১.	জনাব পারভীন সুলতানা, সহকারী শিক্ষক হোসেনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।	১৫/০৫/২০২৪ খ্রি: হতে ০৩/০৭/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ থেকে ৫০ (পঞ্চাশ) দিন	পবিত্র হজরত পালনের জন্য সৌদি আরব গমন
০২.	জনাব বিউটি আক্তার, সহকারী শিক্ষক পশ্চিম চররুহিতা সরকারি প্রাথমিক বিদ্যালয় লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।	১৫/০৪/২০২৪ খ্রি: হতে ২৯/০৪/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ থেকে ১৫ (পনের) দিন	পবিত্র ওমরাহ পালনের জন্য সৌদি আরব গমন

শর্তাবলীঃ

- তিনি কোনক্রমেই নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।
- বিদেশে ভ্রমণকালে তিনি দেশীয় মুদ্রায় বেতন ভাতাদি প্রাপ্য হবেন।
- এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।
- ছুটি ভোগের পূর্বে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন এবং সেপ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ০৮/১২/২০২১ তারিখের ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-১৬৮৯ নং পত্র মোতাবেক অনুমোদিত বহিঃবাংলাদেশ ছুটির পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।

(ড.মোঃ শফিকুল ইসলাম)  
বিভাগীয় উপপরিচালক  
ফোন: ০২৩৩৩৩৫৫২৫৩

Email: ddchitt@gmail.com

স্মারক নম্বরঃ ৩৮.০১.২০০০.০০০.০৮.০০৯.২৩-৬৪২/২০  
অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ০২। মহাপরিচালক, বর্হিগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। রাষ্ট্রদূত, বাংলাদেশস্থ সৌদি আরব দূতাবাস, ঢাকা।
- ০৪। পরিচালক, হযরত শাহজালাল(রা:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ০৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর। উক্ত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে অত্রাফিসকে অবহিত করবেন।
- ০৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, লক্ষ্মীপুর।
- ০৭। উপজেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর। বর্ণিত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি নিশ্চিত করে এ কার্যালয়কে অবহিত করবেন এবং বর্ণিত শিক্ষকের ছুটি/অনুপস্থিতকালীন বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ব্যহত হলে প্রত্যয়ন প্রদানকারী উপজেলা শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ০৮। জনাব পারভীন সুলতানা, সহকারী শিক্ষক, হোসেনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
- ০৯। জনাব বিউটি আক্তার, সহকারী শিক্ষক, পশ্চিম চররুহিতা সরকারি প্রাথমিক বিদ্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
- ১০। সংরক্ষণ নথি।

(ড.মোঃ শফিকুল ইসলাম)  
বিভাগীয় উপপরিচালক

৩৪৩৭  
২৭৩৪৭

২০২৪